FEB. 5 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ ......
পৃষ্ঠা 2 কলাম 7 ......

# মহলবিশেষের হঠকারিতা সম্পর্কে সতর্ক থাকতে শিক্ষকদের প্রতি আহ্বান

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনসহ শিক্ষকদের বিভিন্ন সংগঠন তাদের দাবি বাস্তবায়নের চূড়ান্ত পর্যায়ে মহলবিশেষের হঠকারিতায় যাতে তা বিলম্বিত না হয় সে জন্য সতর্ক থাকতে শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছে। ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদসহ শিক্ষক নেতৃবৃন্দ রবিবার এক যুক্ত বিবৃতিতে এ আহ্বান জানিয়ে বলেন, তাঁদের বিভিন্ন দাবিদাওয়া মেনে নিয়ে যে কোন দিন সরকারী প্রজ্ঞাপন জারি হতে পারে।